দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 6 .. 1999
পৃঃ ১২ কলাম ৭

৭৩

## বিরোধী জোটের নতুন কর্মসূচী ঘোষণা

# কোরআন অবমাননা ও মাদ্রাসা বন্ধের প্রতিবাদে ১৬ জুলাই বিক্ষোভ ২৫ জুলাই ৪ বিভাগে রোডমার্চ

**স্টাফ রিপোর্টার ঃ** আন্দোলনরত বিরোধী জোট আন্দোলনের পরবর্তী কর্মসূচী ঘোষণা করেছে। গতকাল সোমবার সকালে ২৯, মিন্টো রোডে অনুষ্ঠিত লিয়াজোঁ কমিটির সভা শেষে আগামী ১৬ জুলাই সারাদেশে বিক্ষোভ মিছিল এবং ২৫ জুলাই থেকে রোডমার্চ কর্মসূচী ঘোষণা করেছে।

রাসূলুল্লাহ হযরত মোহাম্মদ (সাঃ)-এর নাম ও মর্যাদা নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ক্ষমতাসীন দলের ঘৃণ্য বিভ্রান্তি সৃষ্টির অপচেষ্টা এবং মিথ্যাচার, সংগঠিতভাবে দেশের বিভিন্ন স্থানে পবিত্র কোরআন শরীফের অবমাননা এবং ইসলামী শিক্ষা বন্ধ করার ষড়যন্ত্রের অংশ হিসাবে শত শত মাদ্রাসার অনুমোদন বাতিল ও এমপিও বন্ধের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে আগামী ১৬ জুলাই (শুক্রবার) সারাদেশে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হবে।

আগামী ২৫ জুলাই আন্দোলনকারী দলগুলোর দ্বিতীয় রোডমার্চ। চার দল চারটি বিভাগে রোডমার্চ করবে। বিএনপি'র রোডমার্চ ২৫ জুলাই ঢাকা থেকে শুরু হয়ে বৃহত্তর ময়মনসিংহ জেলা প্রদক্ষিণ করে ২৭ জুলাই শেষ হবে।

জাতীয় পার্টি খুলনা বিভাগ, জামায়াতে ইসলামী বাংলাদেশ রাজশাহী বিভাগ এবং ইসলামী ঐক্যজোট চট্টগ্রাম বিভাগে রোডমার্চের আয়োজন করবে। রোডমার্চের বিস্তারিত কর্মসূচী দলগুলো পরে জানাবে।

বিএনপি'র ভাইস চেয়ারম্যান এম শামসুল ইসলাম এমপি'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিএনপি'র আনোয়ার জাহিদ, জাতীয় পার্টির এ বি এম গোলাম মোস্তফা ও কাজী ফিরোজ রশীদ, জামায়াতে ইসলামীর মোহাম্মদ কামারুজ্জামান ও এ টি এম আজহারুল ইসলাম এবং ইসলামী ঐক্যজোটের এ আর এম আবদুল মতিন উপস্থিত ছিলেন।

৭ দলের সভায়ও অনুরূপ কর্মসূচী গৃহীত হয়।